রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ০৬, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ / ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১৭৫-আইন/২০১৩/৬৭৯-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮৪-আইন/২০১১/৬০৭-মূসক এর মাধ্যমে জারিকৃত মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত রাবার বাগান হইতে রাবার অপসারণ (বিশেষ) বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ–

উপরি-উক্ত বিধিমালার–

(ক) বিধি ৬ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথাঃ-

"(৪) যে সকল রাবার বাগানে ল্যাটেক্স প্রক্রিয়াকরণ কারখানা নাই সে সকল রাবার বাগান কর্তৃপক্ষ "ফরম-জ" এর মাধ্যমে অন্য প্রক্রিয়াকরণ কারখানায় ল্যাটেক্স প্রেরণ করিতে পারিবেন এবং তদ্‌প্রেক্ষিতে গ্রহণকারী প্রক্রিয়াকরণ কারখানা কর্তৃপক্ষ "ফরম-ঝ" এর মাধ্যমে প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট প্রক্রিয়াজাত ল্যাটেক্স ফেরত পাঠাইবেন। এক্ষেত্রে ল্যাটেক্স প্রেরণকারী এবং গ্রহণকারী উভয় কর্তৃপক্ষ উক্ত হিসাব সংরক্ষণ করিবেন।"; এবং

(খ) "ফরম-ছ" এর পর নিম্নরূপ নূতন "ফরম-জ" এবং "ফরম-ঝ" সংযোজিত হইবে, যথাঃ-

"ফরম-জ"
[বিধি ৬(৪) দ্রষ্টব্য]

যে সকল রাবার বাগানে ল্যাটেক্স প্রক্রিয়াকরণ কারখানা নাই সে সকল রাবার বাগান হইতে ল্যাটেক্স প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রেরিত চালানপত্র

রাবার বাগানের নাম ঃ
নিবন্ধন নং ঃ
এলাকা কোড ঃ

প্রক্রিয়াকরণ কারখানার নাম ঃ ইস্যুর তারিখ ঃ
যানবাহনের ধরণ ও সংখ্যা ঃ

www.goldenbusinessbd.com
GOLDEN BANGLADESH

নিবন্ধন নং ঃ
পরিবহণের তারিখ ঃ

ক্রমিক নং	তারিখ	কর পরিশোধ ব্যতিরেকে প্রেরিত ল্যাটেক্স এর বিবরণ ও মোড়কের সংখ্যা	প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রেরিত ল্যাটেক্স এর পরিমাণ		মন্তব্য
			(ক) গ্রস	(খ) নিট	
১	২	৩	৪	৫	৬

প্রেরণকারী রাবার বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম ঃ
পদবী ঃ

"ফরম-ঝ"
[বিধি ৬(৪) দ্রষ্টব্য]

প্রক্রিয়াজাত ল্যাটেক্স প্রক্রিয়াকরণকারী কর্তৃপক্ষ কর্তৃক রাবার বাগান কর্তৃপক্ষের নিকট ফেরত পাঠানোর উদ্দেশ্যে প্রেরিত চালানপত্র

প্রক্রিয়াকরণকারী কর্তৃপক্ষের নাম ঃ
নিবন্ধন নং ঃ
এলাকা কোড ঃ

রাবার বাগান কর্তৃপক্ষের নাম ঃ ইস্যুর তারিখ ঃ
যানবাহনের ধরন ও সংখ্যা ঃ
নিবন্ধন নং ঃ
পরিবহণের তারিখ ঃ

ক্রমিক নং	তারিখ	কর পরিশোধ ব্যতিরেকে প্রেরিত প্রক্রিয়াজাত ল্যাটেক্স এর বিবরণ ও মোড়কের সংখ্যা	রাবার বাগান কর্তৃপক্ষের নিকট ফেরতকৃত প্রক্রিয়াজাত ল্যাটেক্স এর পরিমাণ		মন্তব্য
			(ক) গ্রস	(খ) নিট	
১	২	৩	৪	৫	৬

প্রক্রিয়াকরণকারী কর্তৃপক্ষের–
স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)

www.goldenbusinessbd.com GOLDEN BANGLADESH